

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট



জেডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টসিপেশন ইউনিট
আনসারি ভবন (৫তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০

নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯.১৫০০


তারিখ : ০৬/০৯/২০২১ খ্রি:

বিষয় : আগামী ১৮-২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রি: মেয়াদে GNSP ইউনিট কর্তৃক আয়োজিত “Public Private Partnership in Health, Population & Nutrition (HPN) Sector” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির জন্য প্রার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত

স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের জেডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টসিপেশন (জিএনএসপি) ইউনিট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং এর অধীন দপ্তর/ সংস্থায় কর্মরত ১ম শ্রেণীর কর্মকর্তাদের জন্য ০৫ (পাঁচ) কর্মদিবসব্যাপী “Public Private Partnership in Health, Population & Nutrition (HPN) Sector” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিটি স্বাস্থ্য বিধি মেনে আয়োজন করতে যাচ্ছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন পাবলিক প্রাইভেট পার্টনারশীপ অর্থরিটি (PPPA) এর সহযোগিতায় আগামী ১৮-২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রি: পর্যন্ত অনুষ্ঠেয় এ প্রশিক্ষণটি সকাল ৮:৩০ মি: থেকে দুপুর ১ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে শাখা/অধিশাখা পর্যায়ে কর্মরত ৪ (চার) জন ১ম শ্রেণীর কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের মনোনয়ন প্রদান ও অংশগ্রহণের প্রয়োজন নেই। মনোনীত কর্মকর্তাগণের ই-মেইল ও মোবাইল নম্বরসহ তালিকা পূর্বাঞ্চে জিএনএসপি ইউনিটে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

০৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদেরকে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হারে দৈনিক ভাতা প্রদান করা হবে।



(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮

ই-মেইল: msrk_6415@yahoo.com

সচিব,
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দু: আ: অতিরিক্ত সচিব (প্রশাসন)]

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব মো: সাইফুল্লাহিল আযম, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও পিপিপি ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়